# জানে শুধু মা

কৃষ্ণদয়াল বসু

ছোট্ট এতটুকু গল্প । তবু ভোলা যায় না কিছুতেই । একবার শুনলে মনে ছাপ রেখে যায় চিরদিনের মতো ।

ঘটনাটি ঘটেছিল স্কট্ল্যাণ্ডে । সেখানে পাথরের খনি আছে অনেক । তখনকার দিনে কি-ক'রে পাহাড় ধ্বসিয়ে দিয়ে পাথর সংগ্রহ করা হত জানো? পাহাড়ের গায়ে প্রকাণ্ড এক গর্ত ক'রে তাতে বারুদ পুরে' তার সঙ্গে একটা পল্‌তে জুড়ে দেওয়া হত; তারপর, সব যখন প্রস্তুত, তখন বিপদের সঙ্কেত জানিয়ে ঘন্টা বেজে উঠত, অম্‌নি পল্‌তেয় আগুন ধরিয়ে দিয়ে লোকজন সব স'রে পড়ত । খানিকটা দূরে একটা নিরাপদ জায়গায় গিয়ে দাঁড়িয়ে তারা প্রতি মুহূর্তে বিস্ফোরণের প্রতীক্ষা করত ।

**পড়ে কী বুঝলে ?**

1. 'জানে শুধু মা' গল্পের ঘটনাটি কোথাকার ?
2. স্কটল্যান্ডে কিসের অনেক খনি আছে ?

একদিন এই সময়ে এক অঘটন ঘটল। পল্‌তেয় আগুন জ্বেলে দিয়ে যখন লোকজন সবাই স'রে পড়েছে, হঠাৎ দেখা গেল বছর-তিনেকের ছোট্ট একটি ছেলে সকলের চোখ এড়িয়ে কখন সেই পাহাড়ের ধারে খোলা জায়গাটার উপর গিয়ে দাঁড়িয়েছে ।

নিতান্তই অবোধ সরল এক শিশু । সে জানে না, ভাবতেও পারেনি, মৃত্যু একেবারে তার শিয়রে এসে দাঁড়িয়েছে । যেমন ভয়ঙ্কর তেমনি বীভৎস সেই মৃত্যু চোখের পলক ফেলতে না ফেলতেই তাকে নিঃশেষে নিশ্চিহ্ন ক'রে দিয়ে

যাবে।

এখন উপায়? কেমন ক'রে বাঁচানো যায় ঐ নির্বোধ নির্ভয় অসহায় শিশুকে? লোকজন সেখানে যারা ছিল তারা কী যে করবে কিছু ভেবে না পেয়ে কেবল মহাব্যস্ত হয়ে হাতমুখ নেড়ে সবাই একসঙ্গে চিৎকার ক'রে ওকে ডাকতে লাগল, 'ওরে আয় আয় ছুটে পালিয়ে আয় শীগগির!—'

কিন্তু কে কার কথা শোনে। ছেলেটি যেখানে ছিল সেইখানেই স্থির হয়ে দাঁড়িয়ে এদের পানে চেয়ে আছে। এতগুলি লোকের ঐ বিকট চিৎকার শুনে আর অমন-সব অদ্ভুত অঙ্গভঙ্গী দেখে তার ভারি মজা লাগছে, অবাক হয়ে দাঁড়িয়ে তাই দেখছে,— তার নড়বার নামও নেই। এদিকে এদের একটি লোকেরও এমন সাহস নেই যে ছুটে গিয়ে ছেলেটিকে নিয়ে আসে। কে জানে, যদি সেই মুহূর্তেই বিস্ফোরণ হয় তাহলেই তো সঙ্গে সঙ্গে সব শেষ।

ঠিক এমনি সময়ে ঐ লোকগুলির মাঝখানে ছুটে এসে দাঁড়াল ছেলেটির মা। একবার সে চেয়ে দেখল। ব্যাপারটা বুঝে নিতে তার তিলার্ধ দেরি হল না। তখন সহসা সে এমন একটা কাণ্ড ক'রে বসল যা কেবল মায়েরাই পারে। জগতে এক মা ছাড়া এ কৌশল আর কারো জানবার কথাও নয়।

**পড়ে কী বুঝলে?**

1. বিপদের সঙ্কেত জানিয়ে ঘন্টা বাজার পর কী করা হোত?
2. পলতেয় আগুন জ্বালাবার পর কী ছেয়ে গেল?

কী করল সে? ভয়ে আতঙ্কে দিশেহারা হয়ে চেঁচিয়ে কেঁদে উঠল? না। ছেলে ভয় পাবে যে।

তবে কি সে নিজের প্রাণ তুচ্ছ ক'রে ছেলের কাছেই ছুটে গেল?

না, তাও নয়। ছেলেও ছুটে পালাতে গিয়ে মৃত্যুর মুখেই ঝাঁপিয়ে পড়বে তাহলে।

তাই, এসব কিছুই সে করল না। মুখে একটি কথাও না ব'লে, যেখানে

এসে দাঁড়িয়ে ছিল সেইখানেই মাটিতে হাঁটু গেড়ে ব'সে প'ড়ে, সে কেবল তার দু'খানি হাত ব্যাকুল আগ্রহে বাড়িয়ে দিল ছেলেটির পানে ।

এ ইঙ্গিত ব্যর্থ হল না, এই নীরব আকুল আহ্বান । মায়ের হৃদয়ে সন্তানের জন্যে চিরদিন যে-অমৃত লুকানো থাকে, এ যে তারই অমোঘ আকর্ষণ । আর কি ছেলে দূরে থাকতে পারে ? যেখানে, যতদূরেই সে থাক্ — স্নেহের ঐ বাঁধনে ধরা দিতে তাকে যে আসতেই হবে ছুটে !

সহসা প্রচণ্ড শব্দে ভীষণ এক বিস্ফোরণ হয়ে আকাশ-বাতাস মাটি থর্ থর্ ক'রে কেঁপে উঠল।

শিশুটি কোথায় ?

সে তখন ছুটে এসে ঝাঁপিয়ে পড়েছে—মৃত্যুর মুখে নয়— তার মায়ের বুকে !

**পড়ে কী বুঝলে ?**

1. সবাই মহাব্যস্ত হয়ে শিশুটিকে কী বলে ডাকতে লাগল ?
2. আকাশ বাতাস মাটি থর্ থর্ করে কেন কেঁপে উঠল ?



### জেনে রাখো

| | | | |
|---|---|---|---|
| **স্কটল্যান্ড** | — একটি দেশের নাম | **প্রতিমুহূর্ত** | — প্রতিক্ষণে |
| **প্রকান্ড** | — খুব বড় | **প্রতীক্ষা** | — অপেক্ষা করা |
| **প্রস্তুত** | — তৈরি করা, বা হওয়া | **নির্বোধ** | — যার কোন বোধ নেই। |
| **পল্‌তে** | — প্রদীপের সল্‌তে | **বীভৎস** | — খুব খারাপ। |
| **কৌশল** | — কায়দা | **ব্যাকুল** | — অস্থির। |

### পাঠপরিচয়

স্কট্‌ল্যান্ডে অনেক পাথরের খনি আছে। সেই খনিগুলিতে বিস্ফোরণের সাহায্যে পাথর সংগ্রহ করা হত। একবার ঐ বিস্ফোরণের মুহূর্তে একটি অবোধ শিশু দাঁড়িয়েছিল। মৃত্যু হতে পারে সে জ্ঞানও তার ছিল না। কিন্তু তার মা ঐ মুহূর্তে পৌঁছে গিয়ে নিজের উপস্থিত বুদ্ধি প্রয়োগ করে সেই শিশুর প্রাণ রক্ষা করেন। এতেই আমরা বুঝতে পারি মায়ের মমতার সঙ্গে সংসারের কারোর তুলনা হয় না।

## পাঠবোধ

**খালি যায়গায় সঠিক উত্তরটি বেছে লেখো**

**1. (ক) বিপদের সঙ্কেত জানিয়ে ................................................ বেজে উঠত।**

(ঢোল / ঘন্টা)

**(খ) দাঁড়িয়ে তারা প্রতিমুহূর্তে ................................................ প্রতীক্ষা করত।**

(বোম ফাটার / বিস্ফোরণের)

(গ) নিতান্ত অবোধ সরল এক ............................................................................ ।

(ছেলে / মেয়ে / শিশু )

(ঘ) অদ্ভুত অঙ্গভঙ্গী দেখে তার ভারি ............................................. লাগছে ।

(কান্না / হাসি / মজা)

সংক্ষেপে লেখো

2. শিশুটির কেন মজা লাগছিল ?

3. মা অসহায় ছেলেটির সামনে কোন কথা না বলে, কোথায় কিভাবে বসে পড়ে ?

4. মাকে ঐভাবে বসে থাকতে দেখে ছেলেটি কী করে ?

**বিস্তারিতভাবে লেখো**

5. মা কী ভাবে তাঁর শিশুটিকে রক্ষা করলেন, বুঝিয়ে লেখো ।

6. পাথর সংগ্রহ করার জন্যে কী ভাবে পাহাড়গুলিকে ধ্বসানো হতো ?

**ব্যাকরণ ও নির্মিতি**

**1. ক্রিয়াপদের নিচে দাগ দাও**

রামু খেলছে । রমেন ঘরে বসে খাচ্ছে ।

মীরা বই পড়ছে । ছেলেটি কাঁদছে ।

**2. বাক্য রচনা করো**

বিস্ফোরণ নির্বোধ

সঙ্কেত নির্ভয়

প্রতীক্ষা হাঁটুগেড়ে

নিশ্চিহ্ন অবোধ

3. বানান ঠিক করে লেখো

| | |
|---|---|
| শঙ্কেত | দিসেহারা |
| সিগগির | কৌসল |
| মূহুর্তে | চিত্তকার |
| ভিষন | |